

এখন ₹ 100 নোট পাওয়া যাবে যার নম্বর প্যানেলে সংখ্যাসূচক চিহ্নগুলি ক্রমোচ্চ আকারে

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক মহাত্মা গান্ধী সিরিজ-2005-এ নতুন নম্বর প্যাটার্ন সহ ₹ 100 মূল্যমানের ব্যাঙ্কনোট জারি করেছে। এখন এই ব্যাঙ্কনোটগুলির উভয় নম্বর প্যানেলে সংখ্যাসূচক চিহ্নগুলি বাম থেকে ডান ক্রমোচ্চ আকারে থাকবে, যেখানে প্রথম তিনটি আলফানিউমেরিক ক্যারেকটার (পূর্বপদ) সমান আকারে থেকে যাবে (ব্যখ্যামূলক চিত্র দেখুন)।

**নতুন নম্বরের প্যাটার্ন
NEW NUMBERING PATTERN**



সংখ্যাসূচক চিহ্নগুলির ক্রমোচ্চ আকারে মুদ্রণ হল ব্যাঙ্কনোটগুলিতে একটি দৃষ্টিগ্রাহ্য নিরাপত্তামূলক বৈশিষ্ট্যবিশেষ যাতে সাধারণ মানুষ সহজেই একটি জাল নোট-এর থেকে একটি আসল নোট-এর পার্থক্য ধরতে পারে। রিজার্ভ ব্যাঙ্ক ভারত সরকারের সঙ্গে আলোচনা করে ভারতীয় ব্যাঙ্কনোটের নিরাপত্তামূলক বৈশিষ্ট্যসমূহের উন্নতি ঘটিয়ে চলেছে যাতে তাদের জাল করাকে কঠিন এবং সাধারণ মানুষের পক্ষে আসল ব্যাঙ্কনোট সনাক্ত করা সহজসাধ্য করা যায়।

নতুন নম্বরের প্যাটার্ন ব্যতীত সংখ্যাসূচক চিহ্নগুলির ক্রমোচ্চ আকারে সজ্জাবিশিষ্ট ব্যাঙ্কনোটগুলির নকশা অন্য সমস্ত ক্ষেত্রেই মহাত্মা গান্ধী সিরিজ 2005-এর ₹ 100 ব্যাঙ্কনোটের বর্তমান নকশার সঙ্গে সদৃশ। ব্যাঙ্কনোটগুলির মুখভাগে এবং পৃষ্ঠভাগে “₹” চিহ্ন, উভয় নম্বর প্যানেলে ইনসেট লেটার ‘আর’, ড. রঘুরাম জি রাজন, গভর্নর, ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক-এর স্বাক্ষর বহাল থাকবে, এবং ব্যাঙ্কনোটের পৃষ্ঠভাগে মুদ্রণ বর্ষ ‘2015’ মুদ্রিত থাকবে।

রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক অতীতে জারি হওয়া ₹ 100 মূল্যমানের সমস্ত ব্যাঙ্কনোট বৈধ মুদ্রা হিসেবে বহাল থাকবে।

নতুন নম্বরের প্যাটার্ন অন্য সকল মূল্যমানের ক্ষেত্রেও পর্যায়কালীন ভিত্তিতে প্রবর্তিত হবে।

অল্পনা কিল্লাওয়াল
প্রধান মুখ্য মহাপ্রবন্ধক